গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
(এলজি শাখা)
www.thakurgaon.gov.bd

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : **মুকেশ চন্দ্র বিশ্বাস, জেলা প্রশাসক , ঠাকুরগাঁও।**

সভার তারিখ ও সময় : ১১/১১/২০১৩ খ্রিষ্টাব্দ, সকাল-১০.৩০ ঘটিকা।

সভার স্থান : জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর সভা কক্ষ।

বিবেচ্য মাস : নভেম্বর ২০১৩ খ্রিষ্টাব্দ।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ তে দেখানো হলো।

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত ০৮/১০/১৩ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১<br>পুলিশ বিভাগ | পুলিশ সুপার, ঠাকুরগাঁও সভায় বলেন, জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, রেজিস্ট্রেশনবিহীন মোটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। এ বিষয়ে সহযোগিতা করার জন্য তিনি সহকারী পরিচালক, বিআরটিএ, ঠাকুরগাঁওকে অনুরোধ জানান। | ১। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, ঠাকুরগাঁও। |
| ২<br>স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, ঠাকুরগাঁও সভায় বলেন, বর্তমানে জেলায় অজ্ঞাত/মহামারী কোন রোগের প্রাদুর্ভাব নেই। শীতের সময়ে শিশুদের পাতলা পায়খানা বা ডায়রিয়া রোগ হতে পারে। ৩-৪ দিনের মধ্যে রোগ সেরে যায়। বমি বা পায়খানা বেশী হলে হাসপাতালে ভর্তি করার এবং স্যালাইন খাওয়ার পরামর্শ দেন। বেসরকারী ক্লিনিকগুলোর পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। বেসরকারী ক্লিনিকগুলোর চিকিৎসা সেবা মান সম্মত না হলে ক্লিনিকগুলো বন্ধ করে দেয়া হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। শীতের সময়ে অধিকাংশ লোক খেজুর রস খেয়ে থাকেন। বাদুর অনেক রোগের জীবানু বহন করে। তিনি বাদুর দ্বারা দুষিত খেজুর রস না খাওয়ার জন্য পরামর্শ দেন। তিনি আরো বলেন, কৃষকগণ শাক-সবজিতে কীট নাশক ব্যবহার করেন। কিছু কীটনাশক জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ। তিনি পরিবেশ বান্ধক কীটনাশক ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বলেন, সম্প্রতি কয়েকটি দেশে মার্স ভাইরাস নামে একটি রোগ মানুষের মধ্যে আতঙ্কের সৃষ্টি করেছে এবং কিছু লোক মারা যাচ্ছে। এই ভাইরাসের চিকিৎসা আবিস্কার হয়নি। সৌদি আরবে হাজীদের মধ্যে এই ভাইরাস সংক্রমিত হয়েছে। কোন হাজী সৌদি আরব হতে দেশে প্রত্যাবর্তন করলে তাকে ১৪দিন পর্যন্ত পর্যবেক্ষণ করতে হবে। ১৪ দিনের মধ্যে যদি কোন হাজীর সর্দি-কাশি হয় তাহলে তাকে বাধ্যতামূলকভাবে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা করাতে হবে। তিনি এ বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। সরকারী নীতিমালা অনুযায়ী বেসরকারী ক্লিনিকগুলোর চিকিৎসা সেবার মান নিশ্চিত করতে হবে ।<br>২। জীবানুবাহিত খেজুর রস না খাওয়ার বিষয়ে জনগণকে উদ্ধুদ্ধ করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। সৌদি আরব হতে কোন হাজী দেশে প্রত্যাবর্তন করলে তার স্বাস্থ্য বিষয়ে নজরদারি রাখতে হবে। | ১। সিভিল সার্জন, ঠাকুরগাঁও |

File: Roy

| | | | |
|---|---|---|---|
| ৩<br>পরিবার পরিকল্পনা বিভাগ | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, ঠাকুরগাঁও সভায় বলেন, জেলার মোট জনসংখ্যা-১৪,০৪,২৮৭ জন। জেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা-২,৮৯,৮২৯ জন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২,৩১,৫১১ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.২৫%। আলোচ্য মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে সিজারিয়ান অপারেশন ৩৮ জন,স্বাভাবিক প্রসব ৫৯ মোট ৯৭ জন। দম্পতিদের মাঝে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত আছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নিয়মিতভাবে ডেলিভারী,এএনসি ও পিএনসি সেবাদান কার্যক্রম চলছে। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১। স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি অর্জনের লক্ষ্যে সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>২। কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ। |
| ৪<br>কৃষি বিভাগ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, এ মৌসুমে আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা-১,২৪,২১৯ হেক্টর। অর্জিতমাত্রা-১,৩২,৬০০ হেক্টর। হাইব্রীড ধানের আবাদ করা হয়েছে। আমন ফসলে পোকার আক্রমন নেই। ধান কর্তন শুরু হয়েছে। কৃষকগণ ধানের নায্য দাম পাবেন মর্মে সভায় অবহিত করেন। তিনি বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী গম, সরিষা, মুলা, বেগুন, আলুসহ অন্যান্য সবজি ফসলের আবাদ চলছে। গম বীজ মজুদ রয়েছে মর্মে সভায় অবহিত করেন।<br>তিনি আরো বলেন, নভেম্বর ২০১৩ মাসের বরাদ্দকৃত ইউরিয়া এবং নন-ইউরিয়া সার উত্তোলনের জন্য ডিলারদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। জেলায় কোথাও সার ও ডিজেল এর সংকট নেই। জেলায় সর্বত্র নির্ধারিত মূল্যে রাসায়নিক সার ও ডিজেল বিক্রয় হচ্ছে। | ১। লক্ষ্যমাত্রা অনুযায়ী রবি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। প্রতি মাসে বরাদ্দকৃত ইউরিয়া ও নন-ইউরিয়া সার ডিলার পর্যায়ে উত্তোলন নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। |
| ৫<br>খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও বলেন, বর্তমানে জেলায় সরকারী খাদ্য গুদামে ২৪৬৯৮ মে:টন চাল এবং ৩৮৭৩ মে:টন গম মজুদ রয়েছে। এবারে সরকার এ জেলার জন্য ২০৪৯ মে: টন ধান, ৫৬৭৩৬ মে: টন সিদ্ধ চাল ও ৬৫ মে:টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। জেলায় এ পর্যন্ত ৫০৩৮৯ মে:টন চাল সংগৃহীত হয়েছে যা লক্ষ্যমাত্রার শতকরা ৮৯ ভাগ। ৮০.৭৬০ মে:টন ধান সংগৃহিত হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও |
| ৬<br>জেলা মৎস্য অফিস | জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও সভায় বলেন, এ জেলায় প্রাকৃতিক জলাশয় কম। পীরগঞ্জ উপজেলায় মৎস্য অভয়াশ্রম করা হয়েছে। ঠাকুরগাঁও সদর উপজেলায় মৎস্য অভয়াশ্রম করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারের পোনা অবমুক্তি কার্যক্রমের আওতায় ২০১৩-১৪ অর্থ বছরের রাজস্ব খাতে ৫,৫০,০০০/- টাকা এবং উন্নয়ন খাতে ২,৫০,০০০/- সর্বমোট ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার পোনা অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মাছে ফরমালিনের ব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরিদর্শন ও নমুনা পরীক্ষা করা হচ্ছে। আপাতত কোন বাজারের মাছে ফরমালিনের উপস্থিতি লক্ষ্য করা যায়নি মর্মে সভায় অবহিত করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর বলেন, ঠাকুরগাঁও সদর উপজেলায় সালন্দরে একটি মাত্র সরকারি হ্যাচারী। শুস্ক মৌসুমে এখানে পানি থাকে না। তিনি এই হ্যাচারীর মান উন্নয়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করেন। | ১। জেলায় মৎস্য উৎপাদন কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ৭<br>জেলা প্রাণি সম্পদ বিভাগ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও সভায় বলেন, বর্তমানে এ জেলায় বার্ড ফ্লু বা এ্যানথ্রাক্স রোগে কোন প্রাণির আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়নি। বালিয়াডাঙ্গী উপজেলায় গরু মারা যাওয়ার খবর পেয়ে তিনি ঘটনাস্থলে যান এবং পরীক্ষা করে দেখেন যে, এনথ্রাক্স রোগের কারণে নয় খাদ্যে বিষক্রিয়ার কারণে গরু মারা যায় মর্মে সভায় অবহিত করেন। শীত মৌসুম শুরু হয়েছে। এ সময়ে বার্ড ফ্লু রোগ হতে পারে । তিনি এ বিষয়ে সতর্ক থাকার জন্য খামার মালিকসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বলেন, সদর উপজেলায় কয়েকটি ইউনিয়নে গরু মোটাতাজাকরণ প্রকল্প চলছে। এবারে বালিয়াডাঙ্গী উপজেলা এর কার্যক্রম সম্প্রাসারণ করা হবে। জেলায় ভেড়া পালনের লক্ষ্যে কর্মসূচী হাতে নেয়া হয়েছে এবং প্রশিক্ষণ দেয়া হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>সভায় কাজী ফার্মের লিটার পরিবহনে পরিবেশ দুষণের বিষয়ে আলোচনা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর সভায় বলেন, মুরগীর লিটার বাইরে পরিবহনের সময় পরিবেশ দুষিত হয়। পরিবেশ দুষণের হাত থেকে রক্ষার জন্য লিটার দিয়ে বায়োগ্যাস প্লান্ট করা যায় কিনা সেই বিষয়ে তিনি জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করেন। | ১। বার্ড ফ্লু, এ্যানথ্রাক্স বা অন্য কোন অজানা রোগের কারণে গবাদী পশুর যাতে ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ।<br>২। প্রাণিসম্পদ বিভাগের গৃহীত প্রকল্পসমুহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঠাকুরগাঁও |
| ৮<br>জেলা পরিষদ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, ২০১২-১৩ অর্থ বছরে ১৫৯টি প্রকল্প গ্রহণ করা হয়। ১৫৪টি প্রকল্পের অগ্রগতি ১০০%। ৪টি প্রকল্পের অগ্রগতি ৫০%। ২০১৩-১৪ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে কাজ শুরু করা হবে মর্মে সভায় অবহিত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও বলেন, জেলা পরিষদের মাধ্যমে শহরের বিভিন্ন জায়গায় দৃষ্টি নন্দন প্রকল্প বাস্তবায়িত হয়। তিনি ঠাকুরগাঁও শহরে দৃষ্টি নন্দন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, ঠাকুরগাঁও শহরে চিত্ত বিনোদনের মত কোন জায়গা নেই। সভায় টাঙ্গন শিশু পার্ক, আশ্রমপাড়া শিশু পার্ক ও বলাকা উদ্যান (কুমিল্লাহাড়ি) উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, ঠাকুরগাঁওকে অনুরোধ জানান। | ১। অসমাপ্ত প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। টাঙ্গন শিশু পার্ক, আশ্রমপাড়া শিশু পার্ক ও বলাকা উদ্যান (কুমিল্লাহাড়ি) উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ঠাকুরগাঁও। |
| ৯<br>গণপূর্ত বিভাগ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও সভায় বলেন, (১) ঠাকুরগাঁও জেলা সার্ভার স্টেশন এর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। নবনির্মিত ভবনে বিদ্যুৎ সংযোগ দেয়া প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করা হয়। (২) দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ প্রকল্পের দরজা ও জানালা কাজ চলছে। কাজের অগ্রগতি-৭৫% (৩) যাদুরাণী খাদ্য গুদামের রং এর কাজ চলছে। নির্মাণ কাজের অগ্রগতি ৯০%। (৪) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম তলার ছাদ ঢালাইয়ের কাজ চলছে।কাজের অগ্রগতি-৩০%/। অসমাপ্ত কাজ দ্রুত সমাপ্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁওকে অনুরোধ জানানো হয়।<br>সভায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের জায়গায় মাটি দেয়ার বিষয়ে আলোচনা হয়। পানি উন্নয়ন বোর্ডের কারিগরী সহায়তায় নদী হতে মাটি উত্তোলন করে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে জায়গা ভরাট করার বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন। | ১। জেলা সার্ভার স্টেশন-এ বিদ্যুৎ সংযোগ দেয়ার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। জরুরীভিত্তিতে গৃহীত সকল প্রকল্পের কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিউবো ।<br>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| ১০<br>এলজিইডি | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, এ দপ্তরের অধীনে মোট ২৬টি প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে। উপজেলা পর্যায়ে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ করার লক্ষ্যে দরপত্র আহবান করা হয়েছে। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কার্যক্রম চলছে। সদর উপজেলার বালিয়া ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। অতি শীঘ্রই হস্তান্তর করা হবে। তিনি আরো বলেন, বাইপাস রাস্তা ডিজাইন পরিবর্তন করা হয়নি। সভাপতি বলেন,বাইপাস রাস্তার ডিজাইন পরিবর্তন না করা হলে মানুষের চলাচলে অসুবিধার সম্মুখীন হবে। তিনি রাস্তাটি প্রশস্ত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী,এলজিইডি ঠাকুরগাঁওকে অনুরোধ জানান। সভায় জরুরীভিত্তিতে বাইপাস রাস্তা ও টাঙ্গন ব্রীজ নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার উপর গুরুত্ব আরোপ করেন ।<br>সভায় জেলা প্রশাসকের বাসভবনের পশ্চিম পার্শ্বে মার্কাস মসজিদ সংলগ্ন ছোট ব্রীজটি নির্মাণ/সংস্কার করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। গুণগতমান বজায় রেখে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন এবং ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বাইপাস রাস্তা প্রশস্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। জেলা প্রশাসকের বাসভবনের পিছনে ব্রীজটি নির্মাণ/সংস্কার করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও। |
| ১১<br>সওজ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি বলেন, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০১৩-১৪ অর্থ বছরে সড়ক বিভাগ ঠাকুরগাঁও এর অধীন উন্নয়নমূলক কোন প্রকল্প নেই। বর্তমানে রক্ষণাবেক্ষণ খাতে কাজ করা হচ্ছে। | সড়ক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ, ঠাকুরগাঁও |
| ১২<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর, ঠাকুরগাঁও সভায় বলেন, স্যানিটেশন কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া। জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০১৩ যথাযথভাবে উদযাপন করা হয়েছে। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে র‌্যালী, আলোচনাসহ বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সভায় মাঠ পর্যায়ে স্যানিটেশন কার্যক্রমকে গতিশীল করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর, ঠাকুরগাঁওসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১। স্যানিটেশন কার্যক্রম শতভাগ অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ১৩<br>পানি উন্নয়ন বোর্ড | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও সভায় বলেন, উন্নয়ন ও অনুন্নয়ন রাজস্ব বাজেটভূক্ত মেরামত মঞ্জুরী (অর্থকোড-৫৯৭৪) আওতায় নির্মাণ,তীর সংরক্ষণ ও মেরামত মোট ২১টি প্রকল্পের কাজ চলছে। ১৮টি প্রকল্পের কাজ সমূহের বিপরীতে আংশিক বরাদ্দ পাওয়া গিয়েছে। ৪টি প্রকল্পের দরপত্র আহবান করা হয়েছে। কিছু প্রকল্পের বকেয়া দেনা রয়েছে মর্মে সভায় অবহিত করনে। তিনি এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভায় বরাদ্দ প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হয়।<br>তিনি বলেন, ঠাকুরগাঁও শুক নদীর উপর রাবার ড্যাম নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সদর উপজেলার কালিকাগাঁও পানি নিয়ন্ত্রণ বাধ নির্মাণ কাজ শেষ হয়েছে। জেলায় স্থায়ীভাবে পানি সংরক্ষনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। | বরাদ্দ প্রদানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ১৪<br>বিদ্যুৎ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও সভায় বলেন, ১২-১৬ নভেম্বর ২০১৩ জাতীয় বিদ্যুৎ সপ্তাহ ২০১৩ উদযাপন করা হবে। এ বিষয়ে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। তিনি এ বিষয়ে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি বলেন, বর্তমান সরকার বিদ্যুৎ উৎপাদনে এক নজিরবিহীন সাফল্য অর্জন করেছে। বর্তমানে ১০,০০০ মেঃ ওয়াট বিদ্যুৎ উৎপাদনের মাইল ফলক অতিক্রম করেছে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ১২ নভেম্বর ২০১৩ তারিখ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে দেশবাসীকে অবহিত করবেন মর্মে সভায় অবহিত করেন।<br>সভায় বিদ্যুৎ বিলসমূহ বিলম্বে গ্রাহকগণের নিকট পৌঁছানোর কারণে বিদ্যুৎ বিলসমূহ পরিশোধ করতে জটিলতার সৃষ্টি হয় মর্মে অভিযোগ করা হয়। নির্বাহী প্রকৌশলী আরো বলেন, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে বিপুল পরিমাণে বকেয়া বিলের অর্থ বকেয়া রয়েছে। তিনি বকেয়া বিদ্যুৎ বিলের অর্থ পরিশোধের জন্য সকল দপ্তর প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় বকেয়া বিলের অর্থ পরিশোধের উপর গুরুত্ব আরোপ করা হয় এবং বিদ্যুৎ বিল পরিশোধ করার বিষয়ে দপ্তর প্রধানদের অনুরোধ জানানো হয়। | ১। নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যুৎ বিলসমূহ গ্রাহকগণের নিকট পৌছানোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও।<br><br>দপ্তর প্রধান (সকল) |
| ১৫<br>পল্লী বিদ্যুৎ সমিতি | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঠাকুরগাঁও সভায় বলেন, ঠাকুরগাঁও জেলায় মোট নির্মিত বিদ্যুৎ লাইন ৩৬৬৭.৯৯৪ কি: মি: এবং মোট গ্রাহক সংখ্যা-৯২,৯৫৮ জন। বর্তমানে চাহিদা ৪১.৪৬ মে:ওয়াট। গড় প্রাপ্ত লোড ৩৬.০০ মে: ওয়াট। প্রতিদিন লোড শেডিং গড়ে ১.০০ ঘন্টা। তিনি বলেন, জেলায় বিদ্যুৎ পরিস্থিতি সহনীয় পর্যায়ে রয়েছে। চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় লোড ম্যানেজমেন্ট করে বিদ্যুৎ ঘাটতি মোকাবেলা করা হচ্ছে। আলোচ্য মাসে ১টি ট্রান্সফর্মার চুরি হয়েছে। থানায় এফআইআর করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br><br>সভায় রুহিয়া এবং নেকমরদ এলাকার পানি উন্নয়ন বোর্ডের স্থাপনাসমুহ হস্তান্তরের বিষয়ে আলোচনা হয়। জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি ঠাকুরগাঁও বলেন, স্থাপনাসমূহ পরিত্যক্ত অবস্থায় রয়েছে। স্থাপনাসমূহ হস্তান্তরের বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের আপত্তি নেই মর্মে সভায় অবহিত করেন। তিনি পানি উন্নয়ন বোর্ডের স্থাপনাসমূহ হস্তান্তরের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। আন্ত:মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক স্থাপনাসমূহ হস্তান্তর করা যেতে পারে মর্মে সভার সদস্যগণ একমত পোষণ করেন। | ১। লোড ম্যানেজমেন্ট করে বিদ্যুৎ ঘাটতি মোকাবেলা করতে হবে।<br><br>২। ট্রান্সফর্মার চুরি প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি। |
| ১৬<br>জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হয়েছে। এবারে জেএসসি পরীক্ষার মোট পরীক্ষার্থী ১৮,২২৮ জন, পরীক্ষায় উপস্থিতি ১৭৮৫৩ জন, উপস্থিতির হার-৯৮%। জেডিসি পরীক্ষার মোট পরীক্ষার্থী ২৮৫৫ জন, পরীক্ষায় উপস্থিতি ২৬৭৬ জন, উপস্থিতির হার-৯৪%। ২০১৪ শিক্ষাবর্ষের মাধ্যমিক স্কুলের বিনামূল্যে পাঠ্যপুস্তক ৬০% উপজেলা পর্যায়ে সরবরাহ পাওয়া গিয়েছে। ১ জানুয়ারী ২০১৪ তারিখে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক পৌছে দেয়া হবে মর্মে সভায় অবহিত করেন।। | ১। সুষ্ঠুভাবে জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌছে দেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও। |

| | | | |
|---|---|---|---|
| ১৭<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিস | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও সভায় বলেন,সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ২০১৩ এর লিখিত পরীক্ষা গত ০৮/১১/২০১৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বৈধ প্রার্থীর সংখ্যা ১৫,৫৮১ জন, উপস্থিতি ১৩,৫০০ জন। ২০১৪ শিক্ষাবর্ষে বিনামূল্যে বিতরণের জন্য এ পর্যন্ত পাঠ্য পুস্তকের হার ৯৯.৯০%। যথাসময়ে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। তিনি আরো বলেন, প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৩ আগামী ২০/১১/২০১৩ তারিখে অনুষ্ঠিত হবে। জেলার মোট ৫৭ টি কেন্দ্রে ২৯,১৪৪ জন ছাত্র ছাত্রী প্রাথমিক শিক্ষা সমাপনী ও ২১২৯ জন ছাত্রছাত্রী ইবতেদায়ী সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরিদর্শন কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভায় অবহিত করেন। | ১। সুষ্ঠুভাবে সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২। সকল বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই প্রাপ্তি নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও। |
| ১৮<br>ঠাকুরগাঁও সরকারি কলেজ | উপাধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ সভায় বলেন, কলেজে শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সরকারি কলেজে ৩টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু আছে। আরো ৬টি বিষয়ে মাস্টার্স কোস চালু করার প্রক্রিয়াধীন রয়েছে। তিনি এ বিষয়ে সভাপতি সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। ৪ জন নতুন শিক্ষক পদায়ণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। ঠাকুরগাঁও সরকারি কলেজ জেলার সর্বোচ্চ বিদ্যাপীঠ। এ কলেজে বিভিন্ন বিষয়ে মাস্টার্স কোর্স চালু করা হলে জেলার গরীব ও মেধাবী শিক্ষার্থীগণ অল্প খরচে সর্বোচ্চ শিক্ষা লাভ করার সুযোগ পাবে। সভায় ৬টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু করার উদ্যোগ গ্রহণের বিষয়ে সভার পক্ষ থেকে অধ্যক্ষ সরকারি কলেজ ঠাকুরগাঁওকে ধন্যবাদ জানানো হয় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | কলেজে মাস্টার্স কোর্স চালু করার লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্রযোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ |
| ১৯<br>ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ | অধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ ঠাকুরগাঁও সভায় বলেন, কলেজের পাঠদান সুষ্ঠুভাবে চলছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী জনাব রমেশ চন্দ্র সেন,এমপি মহোদয়ের প্রচেষ্টায় এবং সার্বিক সহযোগাতায় সরকারি মহিলা কলেজে সমাজ কল্যাণ বিষয়ে অনার্স কোর্স চালু হয়েছে। জেলায় নারী শিক্ষা প্রসার ও উন্নয়নের লক্ষ্যে আরো কয়েকটি বিষয়ে অনার্স কোর্স চালু করার উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। তিনি এ বিষয়ে সভাপতিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, সরকারি কলেজের পরীক্ষা এবং অন্যান্য বিভাগের চাকুরী সংক্রান্ত পরীক্ষাসমূহ মহিলা কলেজে অনুষ্ঠিত হয়। ফলে পরীক্ষার্থীদের বসার সীট নিশ্চিত করার লক্ষ্যে অন্য প্রতিষ্ঠান হতে বেঞ্চ আনার প্রয়োজন হয়। আনা-নেয়ার ফলে কিছু বেঞ্চ ভেঙ্গে যায়। তিনি ছাত্রীদের ক্লাস ও সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার লক্ষ্যে ১০০ জোড়া বেঞ্চ সরবরাহ করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভায় বেঞ্চ সরবরাহ করার বিষয়ে সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর, ঠাকুরগাঁও ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। কলেজে মাস্টার্স কোর্স চালু করার লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্রযোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। সরকারি মহিলা কলেজে প্রয়োজনীয় সংখ্যক বেঞ্চ সরবরাহ করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও<br><br>সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ২০ ঠাকুরগাঁও পৌরসভা | মেয়র, ঠাকুরগাঁও পৌরসভার পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, পৌরসভার উন্নয়নমুলক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সহকারী প্রকৌশলী, বিটিসিএল বলেন, পৌরসভা রাস্তা বা ড্রেন উন্নয়ন করার সময় বিটিসিএলকে না জানিয়ে কাজ করেন । ফলে ঠিকাদারগণ কাজ করার সময় বিটিসিএলএর ভূগর্ভস্থ ক্যাবল নষ্ট করেন। তিনি রাস্তা বা ড্রেন উন্নয়ন করার পূর্বে বিটিসিএলকে অবহিত করার অনুরোধ জানান। পৌর এলাকায় পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় স্টেডিয়াম এলাকায় হাই-ওয়ের পার্শ্বে ময়লা আবর্জনা জমে স্তুপ হয়ে আছে। নিয়মিতভাবে ড্রেন ও রাস্তাঘাট পরিস্কার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ঠাকুরগাঁও পৌরসভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। পৌর এলাকায় রাস্তা বা ড্রেন উন্নয়ন করার সময় বিটিসিএলসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।<br><br>২। নিয়মিত ড্রেন ও রাস্তাঘাট পরিস্কার করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মেয়র ঠাকুরগাঁও পৌরসভা। |
| ২১ সরকারি বালক উচ্চ বিদ্যালয় | প্রধান শিক্ষক, সরকারি বালক উচ্চ বিদ্যালয় ঠাকুরগাঁও সভায় বলেন, বিদ্যালয়ের নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রদান করা হয়েছে। ফরম পুরণের কাজ চলছে। জেএসসি পরীক্ষা চলছে। বার্ষিক পরীক্ষা ২৩ নভেম্বর ২০১৩ থেকে শুরু হবে। ভর্তি পরীক্ষাসহ সকল পরীক্ষা নির্বাচন কমিশন থেকে ডিসেম্বর ২০১৩ এর ১ম সপ্তাহের মধ্যে শেষ করার তাগিদ রয়েছে। বিদ্যালয়ের উত্তরা ভবনের সামনের মাঠটিতে বালি থাকায় শ্রেণী কক্ষগুলো ছাত্রদের যাতায়াতের ফলে বালিময় হয়ে থাকে। এজন্য মাঠটিতে মাটি ভরাট করা প্রয়োজন । তিনি এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি এ সমস্যা উত্তরণের লক্ষ্যে মাটি ভরাট করার আশ্বাস দেন। ভর্তি পরীক্ষার জন্য সভা আহবান করার বিষয়ে প্রধান শিক্ষক,সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের পরীক্ষাসমূহ গ্রহণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান শিক্ষক, সরকারি বালক উচ্চ বিদ্যালয়। |
| ২২ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | প্রধান শিক্ষক, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ঠাকুরগাঁও সভায় বলেন, বিদ্যালয়ের নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রদান করা হয়েছে। এসএসসি পরীক্ষার ফরম পূরণের কাজ চলছে। জেএসসি পরীক্ষা চলছে। বার্ষিক পরীক্ষা ২৩ নভেম্বর ২০১৩ থেকে শুরু হবে।<br>সভায় এসএসসি পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নিকট হতে কত টাকা নেয়া হচ্ছে প্রশ্নটি উথাপিত হলে প্রধান শিক্ষক বালিকা উচ্চ বিদ্যালয় খাতওয়ারী টাকার বর্ণনা দেন। এসএসসি পরীক্ষার জন্য শিক্ষার্থীদের নিকট থেকে যুক্তিসঙ্গত ভাবে ফরম পূরণের অর্থ নেয়ার জন্য প্রধান শিক্ষক, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁওসহ সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে অনুরোধ জানানো হয়। ভর্তি পরীক্ষার জন্য সভা আহবান করার বিষয়ে প্রধান শিক্ষক,সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। সরকারি নির্দেশনা মোতাবেক বিদ্যালয়ের পরীক্ষাসমূহ গ্রহণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। এসএসসি পরীক্ষার জন্য শিক্ষার্থীদের নিকট থেকে যুক্তিসঙ্গত ভাবে ফরম পূরণের অর্থ গ্রহণ করতে হবে। | প্রধান শিক্ষক, সরকারি বালক উচ্চ বিদ্যালয়।<br><br>প্রধান শিক্ষক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (সকল) |
| ২৩ যুব উন্নয়ন অধিদপ্তর | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও সভায় বলেন, জাতীয় যুব দিবস সফলভাবে পালিত হয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এ দপ্তরের অধীনে বেকার যুব ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রয়েছে। আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুবক ও যুব মহিলাদের মাঝে ঋণ বিতরণ করা হয়। এছাড়াও ক্ষুদ্র ঋণ ও ইম্প্যাক্ট প্রকল্পের কাজ চলছে মর্মে সভায় অবহিত করেন। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নীতিমালা অনুযায়ী যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ২৪<br>জেলা নির্বাচন অফিস | জেলা নির্বাচন অফিসার, ঠাকুরগাঁও সভায় বলেন, আসন্ন দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন আবেদনকৃত ভোটারদের যথাযথ নিয়ম অনুসরণপূর্বক ভোটার তালিকাভূক্ত করা হচ্ছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আসন্ন দশম জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা নির্বাচন অফিসার, ঠাকুরগাঁও। |
| ২৫<br>বিআরডিবি | উপ-পরিচালক, বিআরডিবি, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, এই জেলায় একটি বাড়ী একটি খামার প্রকল্প এর ঋণ আদায় এবং বিতরণ কার্যক্রম চলছে। উপজেলা পর্যায়ে কিছু জনবল পাওয়া গিয়েছে। আপাতত কোন অসুবিধা নেই মর্মে সভায় জানান। | ১। নীতিমালা অনুযায়ী একটি বাড়ী একটি খামার প্রকল্পের ঋণ আদায় এবং বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপ-পরিচালক, বিআরডিবি |
| ২৬<br>জেলা মহিলা বিষয়ক অফিস | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও সভায় বলেন, তার দপ্তরের অধীন ভিজিডি কার্যক্রম, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম, কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম, ঋণ প্রদান ও স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন, ঠাকুরগাঁও জেলার ৫টি উপজেলার ৫১টি ইউনিয়ন পরিষদে কিশোর-কিশোরী ক্লাব গঠন করা হয়েছে। সমাজ উন্নয়নে কিশোর-কিশোরীদের ক্ষমতায়ন, জেন্ডার ভিত্তিক কার্যক্রম ও সচতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | নারী উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও। |
| ২৭<br>বিসিক | উপব্যবস্থাপক, বিসিক, ঠাকুরগাঁও সভায় বলেন, শিল্প নগরীতে ১০৫টি প্লট রয়েছে। ৩৯টি শিল্প ইউনিট চালু রয়েছে। নির্মাণাধীন ০৯টি শিল্প ইউনিটের মধ্যে ০৩টি শিল্প ইউনিট বিদ্যুৎ সংযোগের অভাবে উদ্যোক্তারা চালু করতে পারছে না। তিনি  উক্ত ৩টি শিল্প ইউনিট-এ বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁওকে  পুনরায় অনুরোধ জানান। নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও বিদ্যুৎ সংযোগ প্রত্যাশী ৩টি শিল্প ইউনিট-এর প্রয়োজনীয় কাগজ পত্র দাখিল করার জন্য উপব্যবস্থাপক, বিসিক, ঠাকুরগাঁওকে অনুরোধ করেন। | নির্মাণাধীন ০৩টি শিল্প ইউনিটে বিদ্যুৎ সংযোগ প্রদানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও। |
| ২৮<br>সমবায় বিভাগ | জেলা সমবায় অফিসার, ঠাকুরগাঁও সভায় বলেন, ৪২ তম সমবায় দিবস পালিত হয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, জেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪৭ টি। মোট সদস্য সংখ্যা ৭২,১৮৩ জন। শেয়ার মূলধনের পরিমাণ-৩২৩০০০০/-টাকা। সঞ্চয় জামানতের পরিমাণ-৪৪১৫৪০০/- টাকা। অডিটযোগ্য সমবায় সমিতির সংখ্যা-১০৯৮টি। অডিট কার্যক্রম চলছে । নভেম্বর ২০১৩ পর্যন্ত অডিটকৃত সমিতির সংখ্যা-৬৪১টি। তার দপ্তরের অধীনে ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রয়েছে। | সমবায়ীদের কল্যাণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা সমবায় অফিসার ঠাকুরগাঁও। |

| | | | |
|---|---|---|---|
| ২৯ জেলা সমাজ সেবা অধিদপ্তর | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, তার দপ্তরের অধীন (১) বয়স্ক ভাতা কার্যক্রম (২) অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম (৩) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কার্যক্রম (৪) বিধবা ও স্বামী পরিত্যক্তা দু:স্থ মহিলাদের ভাতা কার্যক্রম (৫) সমন্বিত অন্ধ শিক্ষা কার্যক্রম (৬) অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম (৭) প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি শিক্ষা কর্মসূচী সুষ্ঠুভাবে চলছে।<br><br>তিনি আরো বলেন, এ জেলায় নিবন্ধীত বেসরকারি এতিমখানার সংখ্যা- ৭১টি। সরকারি শিশু পরিবার (বালিকা) ও শবদলহাট ফজিলাতুননেছা সরকারি শিশু পরিবার ঠাকুরগাঁও এর আবাসিক অবকাঠামোসমূহ সংস্কার/নির্মাণ করা প্রয়োজন। তিনি এ বিষয়ে এস্টিমেট করে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও এর দৃষ্টি আকর্ষণ করেন। | সরকারি শিশু পরিবার (বালিকা) ও শবদলহাট ফজিলাতুননেছা সরকারি শিশু পরিবার ঠাকুরগাঁও এর আবাসিক অবকাঠামোসমুহ সংস্কার/নির্মাণ করা উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও। |
| ৩০ ইসলামিক ফাউন্ডেশন | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঠাকুরগাঁও এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় বলেন, জেলার মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ইমাম প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতি শুক্রবার জুম্মার নামাজের খুতবার পূর্বে জঙ্গীবাদ বিরোধী বক্তব্য, যৌতুক প্রথা রোধ, বাল্য বিবাহ রোধ, মানব পাচার রোধ, দুর্নীতি প্রতিরোধ ও মাদক দ্রব্যের কুফল সম্পর্কে ইমামগণের আলোচনা অব্যাহত রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ধর্মীয় শিক্ষার পাশাপাশি সমাজ সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ৩১ জেলা ক্রীড়া অফিস | জেলা ক্রীড়া অফিসার, ঠাকুরগাঁও সভায় বলেন, জেলার খেলার মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । ঠাকুরগাঁও স্টেশন ক্লাবে বিলিয়ার্ড সংযোজন করা হয়েছে। আপাতত কোন অসুবিধা নেই মর্মে সভায় অবহিত করেন। | ১। জেলার খেলাধুলার মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা ক্রীড়া অফিসার, ঠাকুরগাঁও |
| ৩২ ভিশন-২০২১ | সভাপতি বলেন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টাল আপডেট করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। এখনও অধিকাংশ দপ্তর থেকে তথ্য পাওয়া যায়নি। যে সব দপ্তর তথ্য আপলোড করেননি, সে সকল দপ্তরে জরুরীভিত্তিতে তথ্য আপলোড করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয়।<br><br>তিনি আরও বলেন, এ কার্যালয়ে ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (NESS) চালু করা হয়েছে। ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম(NESS) ক্রমান্বয়ে সকল অফিসে চালু হবে। তিনি ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। গাইড লাইন অনুযায়ী ওয়েব পোর্টাল তৈরীর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২। ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (NESS) সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ঠাকুরগাঁও।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| ৩৩<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম | ঠাকুরগাঁও পৌরসভা, পীরগঞ্জ পৌরসভা, রাণীশংকৈল পৌরসভা, ঠাকুরগাঁও সুগার মিল, জেলা আনসার ও ভিডিপি, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম অফিস, কাস্টম এক্সাইজ এন্ড ভ্যাট সার্কেল, স্বাস্থ্য প্রকৌশল অধিপ্তর, জেলা মার্কেটিং অফিস, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিএডিসি (বীপ্র), জেলা তথ্য অফিস, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, জাতীয় মহিলা সংস্থা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বিটিসিএল ঠাকুরগাঁও, বিএমডিএ, বন বিভাগ, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ঠাকুরগাঁও বাংলাদেশ উম্মুক্ত বিশ্ববিদ্যালয়, সহকারী কর কমিশনার ঠাকুরগাঁও, জেলা রেশম বোর্ড, জেলা শিশু একাডেমী, ঠাকুরগাঁও এর দপ্তর প্রধানগণ বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখা প্রয়োজন মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | স্ব স্ব বিভাগীয় প্রধান। |
| ৩৪<br>অনুপস্থিত বিভাগসমুহ | পীরগঞ্জ সরকারি কলেজ, বীজ প্রত্যয়ন এজেন্সী, রাকাব ঠাকুরগাঁও, জেলা রেজিস্ট্রার, জেলা হিসাব রক্ষণ অফিস, বিআরটিএ, দপ্তর সমূহের দপ্তর প্রধানগণ সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী জেলা উন্নয়ন সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। | অনুপস্থিত দপ্তর প্রধানগণ |

বিভাগওয়ারী আলোচনা শেষে মুক্ত আলোচনায় সভাপতি বলেন, আসন্ন ১০ম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সহযোগিতা প্রদান করার জন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান।

সভাপতি বলেন,এ জেলার প্রধান উৎপাদনকারী ফসল ধান। মাঠ পর্যায়ে ধান মাড়াই শুরু হয়েছে। কৃষক যাতে ধানের নায্য দাম পান সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি যে কোন ধরণের সন্ত্রাস ও নাশকতারোধ, শান্তি শৃঙ্খলা বজায় রাখা, নিয়মিতভাবে পরিস্থিতি পর্যালোচনা এবং স্থানীয় জনগণের সহযোগিতা নিয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মূকেশ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।
টেলি:-০৫৬১-৫২০১১
email –dcthakurgaon@mopa.gov.bd

File: Roy

স্মারক নম্বর ঃ ০৫.৫৫.৯৪০০.০০৯.১৮.০০০.১৩.        (৮০)                    তারিখ:        /১১/২০১৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, ........................................................................ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, .................................................................... বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জাতীয় প্রকল্প পরিচালক, এটুআইপ্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো ঃ

১। ............................................................
............................................................।

(মো: আব্দুল ওয়াহেদ )
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,ঠাকুরগাঁও
টেলিফোন-০৫৬১-৫২০২০
adcgthakurgaon@mopa.gov.bd

File: Roy

পরিশিষ্ট-ক

## নভেম্বর ২০১৩ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক | নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১ | ফয়সল মাহমুদ, পুলিশ সুপার, ঠাকুরগাঁও | ” |
| ২ | ডা: মো: আফজাল হোসেন তরফদার, সিভিল সার্জন, ঠাকুরগাঁও | ” |
| ৩ | মো: তারিকুল ইসলাম, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, ঠাকুরগাঁও | ” |
| ৪ | মো: রায়হানুল কবীর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও | ” |
| ৫ | মো: মোছাদ্দিকুর রহমান, জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা , ঠাকুরগাঁও | ” |
| ৬ | প্রফেসর চৌধুরী লায়লা আরজু মান্দ বানু, অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, ঠাকুরগাঁও | ” |
| ৭ | মো: ফজলে আলম, জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ৮ | মো: আখতারুজ্জামান, প্রধান শিক্ষক, সরকারি বালক উচ্চ বিদ্যালয়, | ” |
| ৯ | মো: একরামুল হক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ১০ | মো: আতাউর রহমান, জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ১১ | প্রকৌ: মো: নৈমুল হক, নির্বাহী প্রকৌশলী, পাউবো, ঠাকুরগাঁও | ” |
| ১২ | মো: আব্দুর রউফ, সহকারী প্রকৌশলী, শিক্ষা পকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও। | ” |
| ১৩ | মো: আনিসুর রহমান, উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঠাকুরগাঁও | ” |
| ১৪ | মো: মোবাশ্বর আলী, সহকারী প্রকৌশলী, সওজ, ঠাকুরগাঁও | ” |
| ১৫ | মোহাম্মদ শুকুর মাহমুদ মিঞা,জেলা নির্বাচন অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ১৬ | মো: নূরউল্লাহ পক্ষে উপ-পরিচালক, পিডিবিএফ, ঠাকুরগাঁও | ” |
| ১৭ | মো: জাকির হোসেন, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ঠাকুরগাঁও | ” |
| ১৮ | মো: সফিউল আলম, সহকারী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও | ” |
| ১৯ | মো: আ: জব্বার পক্ষে নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও | ” |
| ২০ | আবু মহী উদ্দীন, জেলা ক্রীড়া অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ২১ | শঙ্কর কুমার ঘোষ, প্রধান শিক্ষক, সরকারি বালিকা বিদ্যালয়, ঠাকুরগাঁও | ” |
| ২২ | মো: মোর্সেদ আলী খান, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও | ” |
| ২৩ | মো: আনোয়ার হোসেন তালুকদার, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও | ” |
| ২৪ | আব্দুর রউফ, জেলা সমবায় অফিসার, ঠাকুরগাঁও | ” |
| ২৫ | মো: জবেদ আলী, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ঠাকুরগাঁও | ” |
| ২৬ | মোছা: সাইয়েদা সুলতানা পক্ষে উপপরিচালক, জেলা সমাজ সেবা ঠাকুরগাঁও | ” |
| ২৭ | মো: আব্দুল জব্বার, পক্ষে উপ-পরিচালক, বিআরডিবি, ঠাকুরগাঁও | ” |
| ২৮ | মো: আমিনুল ইসলাম, উপব্যবস্থাপক, বিসিক, ঠাকুরগাঁও | ” |
| ২৯ | শ্যামল কুমার ঘোষ, সহকারী বন সংরক্ষক, ঠাকুরগাঁও | ” |
| ৩০ | মনোয়ারা চৌধুরী, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঠাকুরগাঁও | ” |
| ৩১ | মো: আবু বকর ছিদ্দিক, উপাধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ | ” |
| ৩২ | কমল কুমার সরকার,জেলা প্রশিক্ষণ অফিসার পক্ষে উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও | ” |
| ৩৩ | মো: লতিফুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও। | ” |
| ৩৪ | মো: বাবলুর রহমান, প্যানেল মেয়র, ঠাকুরগাঁও পৌরসভা | ” |
| ৩৫ | সুলতানুল ফেরদৌস নম্র চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | ” |
| ৩৬ | মো: খালেকুজ্জামান, জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঠাকুরগাঁও | ” |
| ৩৭ | সমর কুমার কুন্ড, সহকারী প্রকৌশলী, বিটিসিএল, ঠাকুরগাঁও | ” |
| ৩৮ | মো: আব্দুল্লাহ, জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ঠাকুরগাঁও | ” |
| ৩৯ | দেবব্রত, সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক ও গণশিক্ষা কার্যক্রম, ঠাকুরগাঁও | ” |
| ৪০ | মো: ইদ্রিশ আলী, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,ঠাকুরগাঁও | ” |
| ৪১ | মো: রফিকুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বিটিভি, ঠাকুরগাঁও | ” |
| ৪২ | মো: আমিনুল ইসলাম, ইঞ্জিনিয়ার ইন-চার্জ, বিটিভি, ঠাকুরগাঁও | ” |
| ৪৩ | মো: নুরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বিউবো, ঠাকুরগাঁও | ” |
| ৪৪ | আখতার হোসেন রাজা, সভাপতি, প্রেস ক্লাব, ঠাকুরগাঁও | ” |
| ৪৫ | মহা: মফিজউদ্দীন, ঠাকুরগাঁও সুগার মিল লিমিটেড, | ” |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-খ**

১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও ।
২। অধ্যক্ষ, পীরগঞ্জ সরকারি কলেজ
৩। জেলা রেজিস্ট্রার, ঠাকুরগাঁও।
৪। সহকারী পরিচালক, বিআরটিএ, ঠাকুরগাঁও।
৫। বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঠাকুরগাঁও।
৬। আর এম, রাকাব, ঠাকরগাঁও।

File: Roy